**মার্চ 2021 এর হালনাগাদ**

**NYC ট্যাক্সি ও লিমুজিন কমিশনের (NYC Taxi and Limousine Commission) পক্ষ থেকে শুভেচ্ছা।**

**<u>ট্যাক্সি মেডালিয়ন মালিকদের ত্রাণ পরিকল্পনা</u>**

COVID-19 এর আগে New York শহরের ট্যাক্সি বিভাগ উল্লেখযোগ্যভাবে অর্থনৈতিক সংকটের সম্মুখীন হয়েছিল, যা COVID-19 মহামারির কারণে আরো অধিকতর খারাপ হয়েছে। 2020 সালের মাঝামাঝি সময়ে আমি কমিশনার হিসেবে কাজ শুরু করার পর থেকে আমি অনেক মেডালিয়ন মালিক ও TLC লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির সাথে কথা বলেছি, কিভাবে আমরা সকল বিভাগে প্রতিনিধিত্ব করার মাধ্যমে, একসাথে কাজ করে আমাদের প্রিয় শিল্পকে পুন:সংস্কার করতে পারি, যার মধ্যে সবচেয়ে বেশি প্রয়োজনীয় ট্যাক্সি, ঐতিহ্যবাহী কালো গাড়ি এবং লিভারিজ। আমরা বিভিন্ন খাতে উন্নত প্রযুক্তি এবং ন্যায়সঙ্গত উদ্দেশ্য সাধনের উপায় নিয়ে আলোচনা করেছি, সেইসাথে ড্রাইভার ও যাত্রী উভয়ই COVID-নির্দিষ্ট পদক্ষেপের সাথে যাত্রার সময় যতটা সম্ভব নিরাপদ বোধ করতে পারেন তা নিশ্চিত করেছি।

2021 সালের 9 মার্চে মেয়র de Blasio ও আমি সিটি-অর্থায়িত তহবিলের মাধ্যমে $65 মিলিয়ন ট্যাক্সি মেডালিয়ন মালিকদের ত্রাণ পরিকল্পনা ঘোষণা করি। এই পরিকল্পনার অধীনে, সিটি তাদের মেডালিয়ন মালিকদের সামগ্রিক ঋণ এবং মাসিক বেতন প্রদান উল্লেখযোগ্যভাবে হ্রাস করার লক্ষ্যে তাদের বর্তমান মেডালিয়ন সম্পর্কিত ঋণের পুনর্গঠন সহজতর করার জন্য ডাউন পেমেন্ট হিসেবে ব্যবহার করার জন্য স্বতন্ত্রভাবে $20,000 প্রদান করবে। যেহেতু প্রতিটি মেডালিয়ন মালিকের পরিস্থিতি ভিন্ন, পরিকল্পনাটি প্রত্যেক মেডালিয়ন মালিকদের জন্য ইচ্ছাকৃত মূল্য নির্ধারণ না করে বরং সমগ্র বাজারকে অনিশ্চিত ঝুঁকির বাইরে না এনে প্রত্যেক মেডালিয়ন মালিকদের নির্দিষ্ট ঋণের জন্য কাজ করে এমন শর্তাবলী পুনর্বিবেচনার জন্য প্রয়োজনীয় নমনীয়তা প্রদান করে। এছাড়াও সিটির অর্থনৈতিক কার্যক্রম পুনরায় চালু হলে ঋণ পরিশোধের জন্য যদি মেডালিয়ন মালিকদের মাসিক কিস্তিতে পরিপূরক সহায়তার প্রয়োজন হয় তাহলে সিটি প্রতিটি পুনর্গঠনের পরবর্তী ছয় মাসের ঋণের কিস্তির জন্য মেডালিয়ন মালিকদের $9,000 পর্যন্ত প্রদান করবে।

অবশ্যই, মেডালিয়ন মালিকদের কাছে এই অর্থের মূল্য $20,000 এরও বেশি হতে পারে। আমরা আত্মবিশ্বাসী যে আমাদের পরিকল্পনা নতুন করে কাঠামো গড়ে তোলার মাধ্যমে মেডালিয়ন মালিকদের ঋণ কয়েক মিলিয়ন ডলার কমতে পারে। সময় হলো এর মূল উপাদান এবং আমরা আগ্রহী মেডেলিয়ন মালিকদেরকে তাদের যোগাযোগের তথ্য সহ MRP@tlc.nyc.gov এ ইমেইল করতে উৎসাহিত করি। আগ্রহী পক্ষগণ TLC এর মালিক-চালক রিসোর্স সেন্টারের https://portal.driverresourcecenter.tlc.nyc.gov/eligibility/ সাথে অ্যাপয়েন্টমেন্টেরমাধ্যমেও তথ্য পেতে পারেন।

**<u>মহামারি পেরোল সুরক্ষা ঋণ</u>**

মহামারি পেরোল সুরক্ষা ঋণের সময়সীমা শেষ হবে 31 মার্চ, এবং আপনি https://www.sba.gov/ এ আবেদন করতে পারবেন। যদি আপনার আবেদনের ক্ষেত্রে কোনো সহায়তার প্রয়োজন হয় তাহলে আপনি TLC এর মালিক/চালক রিসোর্স সেন্টারের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে পারেন। বেস এবং মেডালিয়ন মালিকদের মতো ছোট ব্যবসা, ভাড়া, বন্ধক বা চিকিৎসাজনিত ছুটির মতো ব্যয় কভার করতে ঋণের জন্য উপযুক্ত হতে পারে। ঋণগুলি বাৎসরিক 1% সুদের মাধ্যমে ফেডারেলি গ্যারান্টিযুক্ত এবং মওকুফযোগ্য হতে পারে। প্রদত্ত নির্ধারিত সময়সীমায় এটি গুরুত্বপূর্ণ যে আপনি মালিক/চালক রিসোর্স সেন্টারে জরুরি ভিত্তিকে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে https://portal.driverresourcecenter.tlc.nyc.gov/eligibility/ এ যোগাযোগ করেছেন।

**<u>বেস গোলটেবিল</u>**

2 মার্চ TLC সিটিজুড়ে TLC-লাইসেন্সপ্রাপ্ত বেসগুলি নিয়ে একটি গোলটেবিল আলোচনার সূচনা করেছিল। এই গোলটেবিলগুলি বেসগুলিকে TLC পরিচালনা, লাইসেন্সিং এবং প্রসিকিউশন কর্মীদের সাথে যথাযথ সময়ে কার্যকরভাবে সম্মতির মাধ্যমে সহযোগিতা করার সুযোগ প্রদান করে। বেসগুলি থেকে প্রাপ্ত প্রতিক্রিয়াটি TLC এর সাথে তাদের সম্পর্ককে আরো জোরদার করতে সহায়তা করবে, পাশাপাশি আমাদের এজেন্সিকে আরো কৌশলগত ও শ্রদ্ধার সাথে বাস্তবায়ন করতে সহায়তা করবে।

**<u>ফেস কভারিং</u>**

TLC-লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভার এবং যাত্রীদের সুরক্ষার ক্ষেত্রে TLC সবচেয়ে বেশি অগ্রাধিকার প্রদান করে। মাস্ক হলো COVID-19 ছড়ানো বন্ধ করতে দারুণ উপায়। নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের সাম্প্রতিক দিকনির্দেশনা আমাদের জানিয়েছে যে দুইটি ফেস কভারিং পরিধান করে স্তরের সংখ্যা বৃদ্ধি করে এবং ফিট স্নাগার তৈরি করে আপনাকে অতিরিক্ত সুরক্ষা সরবরাহ করতে পারে। আপনি একই সময় একটি কাপড়ের এবং একটি ডিসপোজেবল মাস্ক পরিধান করতে পারেন। আপনার মুখের সাথে ডিসপোজেবল মাস্ক পরিধান করুন এবং উপরে কাপড়ের মাস্ক পরিধান করুন। আপনি যদি KN95 মাস্ক পরিধান করেন তাহলে সুপারিশগুলি এটিকে এককভাবে পরিধান করতে বলে।

**সকলের জন্য ভ্যাকসিন**

COVID-19 এর সাথে লড়াই করার সবচেয়ে ভালো উপায় ভ্যাকসিন এবং New York সিটিতে এখন তিনটি ভ্যাকসিন পাওয়া যায়। সবচেয়ে ভালো যেটি আপনার কাছে উপলভ্য। সমস্ত TLC-লাইসেন্সপ্রাপ্ত চালকগণ এবং New York বাসিন্দাদের মধ্যে 60 বা তার বেশি বয়সীগণ COVID-19 ভ্যাকসিন পাওয়ার জন্য উপযুক্ত। New York বাসিন্দাদের কাছে অভিবাসন স্ট্যাটাস নির্বিশেষে ভ্যাকসিনগুলি উপলভ্য এবং আপনার থেকে কোনো ভ্যাকসিন প্রদানের সাইটে আপনার স্ট্যাটাস জানতে চাওয়া হবে না। আপনি vaccinefinder.nyc.gov এ বা 877-VAX-4NYC এ কল করে অ্যাপয়েন্ট নির্ধারণ করতে পারেন।

যেভাবে TLC লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ NYC কে COVID-19 এর সাথে লড়াই করতে অসহায় New York বাসীদের খাবার সরবরাহের মাধ্যমে সহায়তা করেছিল, TLC-লাইসেন্সপ্রাপ্ত চালকরাও আশেপাশের শহরের বাসিন্দাদের ভ্যাকসিন প্রদানের জন্য নার্সদের বহন করে প্রথম সারিতে রয়েছেন। আমরা তাদের কঠোর পরিশ্রমের প্রশংসা করি এবং যাদের বাড়িতে ভ্যাকসিনটি প্রয়োজন তাদেরকে https://forms.cityofnewyork.us/f/homebound এ অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণের জন্য উৎসাহিত করি।

যেহেতু আরো New York বাসী ভ্যাকসিন গ্রহণ করা অব্যাহত রেখেছে, তবুও সমস্ত TLC লাইসেন্সপ্রাপ্তদের জন্য নিয়মিতভাবে COVID-19 পরীক্ষা করা খুব জরুরি। NYC টেস্ট এবং ট্রেস কর্পসের সাথে যৌথ প্রচেষ্টা অব্যাহত রেখে, TLC এক্সটারনাল অ্যাফেয়ার্স হারলেমে, মার্কাস গারভে পার্কে বুধবার, 17 মার্চ তার পঞ্চম বরো অনুষ্ঠানের আয়োজন করে । ভ্রাম্যমান COVID-19 টেস্টিং, ব্যক্তিগত সুরক্ষা সংঞ্জাম এবং অন্যান্য রিসোর্সগুলি ইভেন্টে উপস্থিত থাকা সকল TLC লাইসেন্সপ্রাপ্তদের কাছে উপলভ্য করা হয়েছে।

আপনাকে ধন্যবাদ,

Aloysee Heredia Jarmoszuk
কমিশনার ও চেয়ারম্যান
NYC ট্যাক্সি ও লিমুজিন কমিশন
33 Beaver Street, New York, NY 10004